minister AC
৩০% এক্সচেঞ্জ অফারে মূল্যছাড়
নগদ ক্রয়ে ১৭% ডিসকাউন্ট
*শর্ত প্রযোজ্য
www.ministerbd.net বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com


minister Refrigerator
ঈদ সালামি অফার
নিশ্চিত ক্যাশ ভাউচার ও পণ্য ফ্রি!
M-600-6D (450 L) ১৪৩,০১১
৳৭৫,৮১০
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

মঙ্গলবার বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৪৫ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ১৬ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ০৬ জুন ২০২৩



## বাজেট ডিব্রিফিং সেশন এমপিদের গুরুত্বপূর্ণ ধারণা দিচ্ছে

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাজেট ডিব্রিফিং সেশনে সংসদ সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ রয়েছে। সংসদ সদস্যদের সক্রিয় অংশগ্রহণে বাজেট ডিব্রিফিং সেশন এগিয়ে যাবে। বাজেট ডিব্রিফিং সেশন সংসদ সদস্যদেরকে বাজেট ২-এর পাতায় দেখুন



## পরিবেশ-প্রকৃতি রক্ষায় ব্যর্থ হলে পরের প্রজন্মের কাছে আসামীর কাঠগড়ায় দাঁড়াতে হবে

**নিজস্ব প্রতিবেদক :** তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, পরিবেশ-প্রকৃতি রক্ষায় ব্যর্থ হলে পরের প্রজন্মের কাছে আসামীর কাঠগড়ায় দাঁড়াতে হবে। তিনি বলেন, 'আমাদের দেশকে জলবায়ু পরিবর্তনের অভিঘাত ২-এর পাতায় দেখুন



## দেশে বিদ্যুৎ খাতে লুটপাট হয়েছে

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ (জি এম) কাদের বলেছেন, সরকার বিদ্যুৎ দেওয়ার নাম করে বড় বড় বিদ্যুৎকেন্দ্র করে মোটা অঙ্কের টাকা বিদেশে পাচার করছে। বিদ্যুৎ উৎপাদনে বিদেশি কোম্পানির ২-এর পাতায় দেখুন



## দূষণমুক্ত নির্মল পরিবেশের বিকল্প নেই : রাষ্ট্রপতি

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন প্রকৃতির অক্ষুর্ণতা বজায় রেখে পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণে সম্মিলিত প্রচেষ্টা চালানোর ওপর গুরুত্ব আরোপ করে বলেছেন, মানব সম্প্রদায় ও প্রাণিকূলের অস্তিত্বের জন্য দূষণমুক্ত নির্মল পরিবেশের বিকল্প নেই।

তিনি বলেন, কিন্তু মানবসৃষ্ট বিভিন্ন উপায়ে আমরা প্রতিনিয়ত পরিবেশ দূষণ করছি। পরিবেশ দূষণকে আরও বেশি সমস্যা সংকুল করে তুলেছে প্লাস্টিকজাত পণ্যের অপরিকল্পিত ব্যবহার। প্লাস্টিক দূষণ প্রতিরোধে সরকারের পাশাপাশি ব্যবসায়ী, ভোক্তাসাধারণসহ সংশ্লিষ্ট সবাইকে সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। প্লাস্টিক দূষণ প্রতিরোধে প্লাস্টিক পণ্যের ২-এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সোমবার গণভবনে বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির নবনির্বাচিত নেতৃবৃন্দ সাক্ষাৎ করেন।

## চলতি মাসের শেষ নাগাদ পুনরায় চালু হবে পায়রা বিদ্যুৎকেন্দ্র

**নিজস্ব প্রতিবেদক :** কয়লা সংকটে এবার বন্ধ হলো দেশের বৃহত্তম বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র। প্রথম ইউনিট বন্ধের ১০ দিনের মাথায় সোমবার (৫ জুন) দুপুরে বন্ধ হলো দ্বিতীয় ইউনিটও। কয়লা সংকটে এই প্রথাম বারের মতো সম্পূর্ণ বিদ্যুৎ উৎপাদন বন্ধ হয় এই বিদ্যুৎ কেন্দ্রটিতে। তবে কর্তৃপক্ষ বলছেন, নতুন করে কয়লা আমদানির জন্য এলসি খোলা হয়েছে। চলতি মাসের শেষ সপ্তাহে আসবে কয়লার জাহাজ। তখন আবার উৎপাদন শুরু হবে। নতুন করে কয়লা এলে চলতি মাসের শেষ নাগাদ বিদ্যুৎকেন্দ্রটি আবার উৎপাদনে ফিরতে পারে।



পায়রা বিদ্যুৎকেন্দ্রের মালিকানায় রয়েছে চীন ও বাংলাদেশের যৌথ উদ্যোগে গঠিত বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি (বিসিপিসি)। তিন বছর আগে উৎপাদনে আসে পায়রা বিদ্যুৎকেন্দ্র। তারপর এবারই প্রথম বিদ্যুৎকেন্দ্রটির উৎপাদন পুরোপুরি বন্ধ হয়ে গেল। এতে বাড়তে পারে লোডশেডিং। দুটি ইউনিট মিলে পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ২-এর পাতায় দেখুন

## ডিজিটাল নিরাপত্তা আইনে ৭০০১টি মামলা হয়েছে

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, ডিজিটাল নিরাপত্তা আইন পাসের পর থেকে চলতি বছরের জানুয়ারি পর্যন্ত সারাদেশে ৭ হাজার ১টি মামলা দায়ের হয়েছে। সোমবার (৫ জুন) জাতীয় সংসদে গণফোরামের সংসদ সদস্য মোকাব্বির খানের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এ তথ্য জানান। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে প্রশ্নোত্তর টেবিলে প্রশ্নটি উপস্থাপন করা হয়। ২০১৮ সালের সেপ্টেম্বর মাসে ডিজিটাল নিরাপত্তা আইন পাস হয়। সেই বছরের ৮ অক্টোবর থেকে আইনটি কার্যকর হয়। এর তিনদিনের মাথায় ১১ অক্টোবর প্রথম ২-এর পাতায় দেখুন

# আওয়ামী লীগ সরকার দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করেছে : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ সরকার দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করেছে, বিচারহীনতার সংস্কৃতি থেকে বের করে এনেছে।

বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নবনির্বাচিত নেতৃবৃন্দ গতকাল প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নবনির্বাচিত নেতাদের অভিনন্দন জানিয়ে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে পরিবারের অধিকাংশ সদস্যসহ হত্যার ঘটনায় ইনডেমনিটি অধ্যাদেশ জারি করে জোরপূর্বক গুম, হত্যা ও বিচারহীনতার সংস্কৃতি চালু করেছে বিএনপি।

বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা শেখ হাসিনা বলেন, জাতির পিতাকে হত্যার পর তাঁর পিতৃহত্যার বিচার চাওয়ার ও বিচার পাওয়ার কোনো অধিকার ছিল না।

প্রধানমন্ত্রী আরো বলেন, 'এটি ছিল মানবাধিকারের চরম লঙ্ঘন। আজকে আমরা ন্যায়বিচার না পাওয়ার পরিস্থিতি থেকে দেশকে মুক্ত করতে পেরেছি। আওয়ামী লীগ সরকার সব সময় ন্যাবিচারে বিশ্বাস করে।' তিনি বলেন, আওয়ামী লীগ সরকার জনগণের ন্যায়বিচার পাওয়ার ব্যবস্থা করেছে।

শেখ হাসিনা বলেন, 'আমাদের সরকার বিচার ব্যবস্থাকে ডিজিটালাইজড করেছে, যাতে মানুষ ভোগান্তির সম্মুখীন না হয়ে স্বল্প সময়ের মধ্যেই বিচার পেতে পারে।'

প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার কোভিড-১৯ মহামারীর সময় এটিকে (বিচার কার্যক্রম) ভার্চুয়াল করেছে- যাতে মানুষ ঘরে বসে স্বল্প সময়ের মধ্যে ন্যায়বিচার পেতে পারে।

চলমান তাপপ্রবাহের মধ্যে বিদ্যুতের কারণে জনগণের দুর্ভোগ পোহাতে হচ্ছে উল্লেখ করে তিনি বলেন, আমরা আমাদের সাধ্যমত চেষ্টা করছি ও এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছি।

শেখ হাসিনা ২-এর পাতায় দেখুন

## রাষ্ট্রদূতরা সীমা লঙ্ঘন করলে ব্যবস্থা

### -- পররাষ্ট্র প্রতিমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** বিদেশি রাষ্ট্রদূতরা দায়িত্বের বাইরে গিয়ে কিছু করলে বা সীমা লঙ্ঘন করলে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। সোমবার (৫ জুন) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন প্রতিমন্ত্রী। বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইয়ামা কিমিনোরি গত রোববার গুলশানে চেয়ারপারসনের কার্যালয়ে বিএনপি নেতাদের সঙ্গে সাক্ষাৎ করেন। এর একদিন আগে জাপানি রাষ্ট্রদূত বাংলাদেশের আগামী জাতীয় নির্বাচনসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় সম্পর্কে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে বিশ্ব পরিবেশ দিবস পালিত

**নিজস্ব প্রতিবেদক :** "প্লাস্টিক দূষণের সমাধানে, সামিল হই সকলে" এই শ্লোগানকে সামনে নিয়ে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে ঝিনাইদহে র‍্যালি, বৃক্ষরোপন ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে পরিবেশ অধিদপ্তরের আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের মিনি ইকোপার্কে বৃক্ষ রোপন করা হয়। বৃক্ষরোপন শেষে জেলা প্রশাসক ২-এর পাতায় দেখুন

## আব্দুল হাই এমপিকে সাথে নিয়ে সভানেত্রীর কার্যালয় থেকে ইউপি উপ-নির্বাচনের ফরম তুললেন ইকু শিকদার

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার হাকিমপুর ইউনিয়ন পরিষদ উপ-নির্বাচনে আওয়ামী লীগের দলীয় কার্যালয় থেকে বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপিকে সাথে নিয়ে ফরম সংগ্রহ করেছেন ওয়াহিদুজ্জামান ইকু। সোমবার বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যলয়ে ফরম সংগ্রহ ও জমা দেন তিনি। সেসময় উপস্থিত ছিলেন ওয়াহিদুজ্জামান ইকুর ভাই এডিশনাল ডিআইজি মনিরুজ্জামান টুকু, শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান এম আব্দুল হাকিম আহমেদ, শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের সাবেক আহবায়ক মতিয়ার রহমান বিশ্বাস, ২-এর পাতায় দেখুন



## কোটচাঁদপুরে মনসুর আলী একাডেমীতে নিয়োগ বাণিজ্য'র অভিযোগ

**কোটচাঁদপুর প্রতিনিধি :** বিতর্কিত নিয়োগে ফেঁসে যেতে পারেন ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাব্দারপুর মনসুর আলী একাডেমীর প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সভাপতি।

অনুসন্ধানে জানা যায়, সাব্দারপুর মনসুর আলী একাডেমিতে কম্পিউটার ল্যাব অপারেটর, অফিস সহায়ক, পরিচ্ছন্নতাকর্মী, ও নিরাপত্তাকর্মী পদে নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে দরখাস্ড় আহ্বান করা হয়। স্থানীয় দৈনিক স্পন্দন ও জাতীয় দৈনিক আলোকিত বাংলাদেশ পত্রিকায় গত ১৫-১২-২২ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। কম্পিউটার ল্যাব অপারেটর পদে ৭ জন,অফিস সহায়ক পদে ৩ জন, পরিচ্ছন্নতাকর্মী পদে ৬ জন, নিরাপত্তাকর্মী পদে ৫ জন কে পরীক্ষায় অংশগ্রহণের জন্য চূড়ান্তভাবে বাছাই করা হয়।

৩ জুন ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে ৪ টি পদের নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও অফিস সহায়ক পদে কোরাম পূরণ না হওয়ায় ওই পরীক্ষা স্থগিত করা হয় এবং কম্পিউটার ল্যাব অপারেটর পদে পূর্ব থেকে চূড়ান্ত প্রার্থী মো: আশিকুর রহমানের ত্রুটিপূর্ণ আবেদনটি যাচাই বাছাই না করে এ্যাডমিট কার্ড দেওয়া হয়। কিন্তু পরীক্ষা আরম্ভের কিছু সময় পূর্বে ত্রুটিপূর্ণ আবেদনের বিষয়ে অভিযোগ দায়েরের পর ডিজির প্রতিনিধি ওই পদের পরীক্ষা স্থগিত করে বাকী দুটি ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গার ইউনিয়নে ইউনিয়নে স্বাস্থ্য সেবা নিয়ে মানুষের পাশে রাজ্জাক খান

**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গার ইউনিয়নে ইউনিয়নে স্বাস্থ্য সেবা নিয়ে মানুষের পাশে দাঁড়িয়েছেন আব্দুর রাজ্জাক খান রাজ। "মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য" এই স্লোগানকে সামনে রেখে সেবার ব্রত নিয়ে নিরবে- নিভৃতে কাজ করে চলেছেন তরুণ উদীয়মান সমাজসেবক চুয়াডাঙ্গার কৃতি সন্তান মিনিস্টার মাই ওয়ান গ্রুপের চেয়ারম্যান, বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা উপ-কমিটির সদস্য, এফ বি সি সি আই -এর সহ-সভাপতি আব্দুর রাজ্জাক খান রাজ। ইউনিয়ন ভিত্তিক ফ্রি চিকিৎসা সেবা কার্যক্রমের ধারাবাহিকতায় গতকাল সোমবার চুয়াডাঙ্গা ২-এর পাতায় দেখুন





## ঝিনাইদহে সিও সংস্থার কর্মী সমাবেশ আনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে সিও সংস্থার আয়োজনে কর্মী সমাবেশ আনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে শহরের সিও সংস্থার প্রধান কার্যালয়ের হল রুমে এ কর্মী সমাবেশ আনুষ্ঠিত হয়। এতে সিও সংস্থার নির্বাহী পরিচালক মোঃ সামসুল আলম, সহকারী নির্বাহী পরিচালক তোফাজ্জেল হোসেন, পরিচালক মাইক্রোফাইন্যান্স ২-এর পাতায় দেখুন

## বন্ধ হয়ে গেছে শতাধিক ক্ষুদ্র ও মাঝারি শিল্প কারখানা

### মেহেরপুরে অব্যাহত লোডশেডিংয়ে অস্থির জনজীবন

**মেহেরপুর প্রতিনিধি:** অব্যাহত লোডশেডিংয়ের মুখে পড়েছে মেহেরপুরের শিল্প কারখানা। অনিয়মিত বিদ্যুৎ সরবরাহের কারণে কারখানায় উৎপাদন এসে ঠেকেছে সিঁকি ভাগে। ইতোমধ্যে বন্ধ হয়ে গেছে ছোট ও মাঝারী ধরণের অন্ততঃ শতাধিক শিল্প কারখানা। দ্রুত বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক না হলে আরো অন্ততঃ শতাধিক কারখানা বন্ধ হতে পারে বলে আশংকা করা হচ্ছে। এতে পথে বসবে তারা। তবে বিদ্যুৎ কর্তৃপক্ষ বলছে, অচীরেই এর সমাধান সম্ভব হবে। গত দু'সপ্তাহ ধরে চলছে লোডশেডিং। অব্যাহত ২-এর পাতায় দেখুন



বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।



চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা"
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার
অন্যতম প্রতিষ্ঠাতা
জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক

আলী কদর পলাশ সম্পাদিত

দৈনিক এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
দৈনিক গড়ব বাংলাদেশ একসাথে গড়ব দেশ

নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন



## ঝিনাইদহে শব্দদূষণ বন্ধে প্রচারণার উদ্বোধন

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে শব্দদূষণ বন্ধে প্রচারণার উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সোমবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে যুব ফেডারেশন নামের একটি সংগঠন এই আয়োজন করে।

এতে যুব ফেডারেশনের আহবায়ক এস.এম রবি জেলা শহরে শব্দদূষণ বন্ধে বিস্তারিত আলোচনা করেন। সেসময় উপস্থিত ছিলেন সিভিল সার্জন শ্রভ্রা রানী দেবনাথ , জেলা পরিষদের ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh  e-paper.eaiamardesh.com  www.eaiamardesh.com

মঙ্গলবার ০৬ জুন ২০২৩

# রোহিঙ্গাদের বাইরে কাজের সুযোগ দেবে না বাংলাদেশ

**নিজস্ব প্রতিবেদক :** আশ্রিত রোহিঙ্গাদের মূল জনগোষ্ঠীর সঙ্গে কখনোই কাজ করার সুযোগ দেবে না বাংলাদেশ। কেননা, বাইরে কাজ করার সুযোগ মিললে রোহিঙ্গা বাংলাদেশি নাগরিকদের সঙ্গে মিশে যাবে এবং প্রত্যাবাসনসহ নিরাপত্তার জন্য হুমকি হয়ে দাঁড়াবে। সেজন্য জাতিসংঘের শরণার্থী সংস্থাকে (ইউএনএইচসিআর) রোহিঙ্গাদের অর্থায়নে জোর দেওয়ার পাশাপাশি প্রত্যাবাসন ইস্যুতে রাখাইনে নজর দেওয়ার আহ্বান জানিয়েছে বাংলাদেশ।

রোববার (৪ জুন) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে বৈঠক করেন বাংলাদেশ সফররত ইউএনএইচসিআরের উপ-হাইকমিশনার কেলি টিক্লেমেন্টস। বৈঠকে ঢাকার পক্ষ থেকে




- নিরাপত্তা ও প্রত্যাবাসন ইস্যুতে রোহিঙ্গাদের বাইরে কাজের সুযোগ নয়।
- রাখাইনে সহায়ক ও নিরাপদ পরিবেশ এবং রোহিঙ্গাদের অর্থায়নে জোর।
- প্রত্যাবাসন নিয়ে দিনক্ষণ চূড়ান্ত নয়।

ইউএনএইচসিআরকে এসব বার্তা দেওয়ার তথ্য নিশ্চিত করেছে কূটনৈতিক চ্যানেলগুলো।

ঢাকার একটি কূটনৈতিক সূত্র জানায়, বৈঠকে রোহিঙ্গা ইস্যুতে ইউএনএইচসিআরের উপ-হাইকমিশনারকে বিস্তারিত তুলে ধরা হয়েছে। উপ-হাইকমিশনার রোহিঙ্গাদের প্রত্যাবাসন নিয়ে বাংলাদেশের অবস্থান জানতে চেয়েছে। ঢাকার পক্ষ থেকে কেলিকে জানানো হয়েছে, প্রত্যাবাসন শুরু করার বিষয়ে এখনও চূড়ান্ত দিনক্ষণ ঠিক করা হয়নি। আর প্রত্যাবাসন শুরু হলে সেটা অবশ্যই রোহিঙ্গাদের জানিয়ে করা হবে, জোর করে কোনো রোহিঙ্গাকে মিয়ানমারে পাঠানো হবে না।

ঢাকার স্পষ্ট বার্তা, রোহিঙ্গা শিশুদের মিয়ানমারের কারিকুলামের বাইরে পাঠদানের সুযোগ দেওয়া ২-এর পাতায় দেখুন

## বাজেটে ১১ প্রস্তাব পুনর্বিবেচনার দাবি বাজুসের

**নিজস্ব প্রতিবেদক :** নতুন অর্থবছরের (২০২৩-২৪) বাজেটে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশনের (বাজুস) পক্ষ থেকে জানানো ১২টি দাবির মধ্যে ১১টিই বিবেচনায় নেওয়া হয়নি। এই ১১ দাবি পুনর্বিবেচনার দাবি জানাচ্ছে জুয়েলারি ব্যবসায়ীদের সংগঠনটি। ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট নিয়ে গতকাল সোমবার আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। বাজুস কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনটির সহ-সভাপতি ও স্ট্যান্ডিং কমিটি অন ট্যারিফ অ্যান্ড ট্যাক্সেশনের চেয়ারম্যান আনোয়ার হোসেন, বাজুসের উপদেষ্টা রুহুল আমিন রাসেল, বাজুসের সহ-সম্পাদক ও স্ট্যান্ডিং কমিটি অন ট্যারিফ অ্যান্ড ট্যাক্সেশনের ভাইস চেয়ারম্যান সমিত ঘোষ অপু, স্ট্যান্ডিং কমিটি অন ট্যারিফ অ্যান্ড ট্যাক্সেশনের সদস্য সচিব পবন কুমার আগরওয়াল। সংবাদ সম্মেলনে বাজুসের পক্ষ থেকে দাবিসমূহ তুলে ধরেন সংগঠনটির সহ-সভাপতি ও স্ট্যান্ডিং কমিটি অন ট্যারিফ অ্যান্ড ট্যাক্সেশনের চেয়ারম্যান আনোয়ার হোসেন। তিনি বলেন, প্রস্তাবিত বাজেটে আশার আলো দেখা গেলেও, জুয়েলারি শিল্পের প্রত্যাশা পূরণ হয়নি। তবে ব্যাগেজ রুলের সংশোধন করায় প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর ২-এর পাতায় দেখুন

# হরিণাকুন্ডুর ভায়না ইউনিয়নে প্রীতি ফুটবল টুর্ণামেন্ট অনুষ্ঠিত



**মোঃ আবু সাইদ, হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুর ভায়না ইউনিয়নে **প্রীতি ফুটবল টুর্ণামেন্ট অনুষ্ঠিত হয়েছে।** সোমবার বিকালে ভায়না স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। সবুজে শ্যামলের প্রাণবন্ধ হাজার হাজার উৎসুক জনতার উপস্থিতিতে এই জনপ্রিয় খেলা অনুষ্ঠিত হয়। রুপালী জনকল্যাণ সংস্থার সৌজন্যে শেরেকুল স্পোর্টিং ক্লাব বনাম আলতাফ স্পোর্টিং ক্লাবের মধ্যে এই খেলা অনুষ্ঠিত হয় এসময় উপস্থিত ছিলেন,ভায়না ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা তুষার, জোড়াদহ পুলিশ ফাঁড়ি ইনচার্জ রবিউল ইসলাম,হরিণাকুন্ডু প্রেসক্লাব সভাপতি সুদিপ্ত সালাম, সাধারণ ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গায় পল্লি-উন্নয় বোর্ডের পুষ্টি সম্মৃদ্ধ উচ্চমুল্যের অপ্রধান শস্য উৎপাদন ও সুফল ভোগী সদস্যদের ৩দিন ব্যাপি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন অনুষ্ঠিত

**আলমডাঙ্গা অফিস :** আলমডাঙ্গায় বাংলাদেশ পল্লি-উন্নয় বোর্ডের আওতাধীন দারিদ্র বিমোচনের লক্ষে পুষ্টি সম্মৃদ্ধ উচ্চমুল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজার জাতকরন কর্মসুচির আওতায় সুফল ভোগী সদস্যদের ৩দিন ব্যাপি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন অনুষ্ঠিত হয়েছে।গতকাল আলমডাঙ্গা বিআরডিবি অফিসের হলরুমে প্রশিক্ষন কর্মশালায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা বিআরডিবি কর্মকর্তা মোছাঃ সায়লা শ্রমিন।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা বিআরডিবির উপ-পরিচালক মোঃ আব্দুল আলিম।তিনি বলেন আপনারা যারা সরাসরি কৃষির সাথে জড়িত,যারা অপ্রধান শস্য উৎপাদন করেন,আপনাদের অবশ্যই দক্ষতা অর্জন করতে প্রশিক্ষন নিতে হবে।এই তিন দিন গুরুত্ব সহকারে অপ্রধান শস্যের দক্ষতা,পুষ্টি সমৃদ্ধ উচ্চমুল্যের শস্য কাভাবে উৎপাদন ও ২-এর পাতায় দেখুন

## গাংনীতে নদীর পানিতে ডুবে শিশু কন্যার মৃত্যু

**গাংনী প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে মাথাভাঙ্গা (মরা) নদীতে গোসল করতে গিয়ে পানিতে ডুবে মাইসা খাতুন (৬) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। শিশু মাইসা গাংনী উপজেলার আকুবপুর গ্রামের বকুল হোসেনের মেয়ে। সোমবার দুপুরে একই উপজেলার মহাম্মদপুর গ্রামে তার খালার বাড়িতে বেড়াতে গিয়ে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান রবিবার সকালে মাইসা মায়ের সাথে প্রতিবেশী গ্রাম মহাম্মদপুরে ২-এর পাতায় দেখুন



## ছাত্রলীগ নেতা জুয়েল হোসাইন জয়ের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত

**রায়হান মিয়া মৃধা :** গাজীপুর টঙ্গীর ৪৯ নং ওয়ার্ড এলাকায় বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি জুয়েল হোসাইন জয়ের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়েছে। ৫ তারিখ সোমবার বিকেলে ৪৯ নং ওয়ার্ড এলাকায় উক্ত বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়েছে। জুয়েল হোসাইন জয়ের উদ্যোগে এ সময় প্রায় ১শতাধিক বৃক্ষরোপণ করা হয়।

এ ব্যাপারে জুয়েল হোসাইন জয় বলেন জননেত্রী শেখ হাসিনা এবং যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী আলহাজ্ব মোঃ জাহিদ ২-এর পাতায় দেখুন

## ডেঙ্গুতে একজনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ১০১

**নিজস্ব প্রতিবেদক :** দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে একজনের মৃত্যু হয়েছে। এ সময় মশাবাহিত এ রোগে আক্রান্ত হয়ে ১০১ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৭ জন এবং ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ১৪ জন। সোমবার (৫ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, বর্তমানে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে মোট ৩৯২ জন ২-এর পাতায় দেখুন

# গাংনীতে ফসলি জমিতে মাটি কাটার মহোৎসব প্রশাসনের অভিযান কাজে আসছেনা

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনী উপজেলার পৌর ও গ্রামঞ্চলে চলছে ফসলি জমিতে বালু ও মাটি উত্তোলনের মহোৎসব। উপজেলার ১৩৭টি গ্রামের অধিকাংশ এলাকাতেই প্রশাসনের নাকের ডগায় চলছে অবৈধভাবে মাটি ও বালু উত্তোলনের মহোৎসব এতে শুধু আবাদি জমিই কমছেনা সাথে সাথে ভূমি ধ্বসের আশংকা বাড়ছে ,পরিবেশ পড়ছে হুমকির মুখে। সুত্রে জানা যায়, উপজেলার প্রায় শতাধিক স্পটে বালু ও মাটি উত্তোলনের মহোৎসব চললেও বিভিন্ন সময় ভুক্তোভোগিরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবৈধ মাটি ও বালু উত্তোলনের অভিযোগ জানালেও এ পর্যন্ত কোন প্রতিকার হয়নি। এদিকে কয়েক দফা প্রশাসনের পক্ষ থেকে অভিযান চালালেও মাটি ও বালু উত্তোলন অব্যাহত রয়েছে। এ নিয়ে প্রশাসনের প্রতি আস্থা হারাচ্ছে এলাকাবাসি। বালু ও মাটি উত্তোলনে শুধু ফসলি জমি নষ্ট হচ্ছে তা নয়। এসব মাটি বহনকারি অবৈধ যান যেসব রাস্তা ব্যবহার করছে সেসব রাস্তা চলাচলের অনুপোযোগি হয়ে পড়ছে ফলে বাড়ছে দূর্ঘটনা। বালু ও মাটি ব্যাবসায়ী উপজেলার কাজিপুর ইউনিয়নের নওদাপাড়া গ্রামের নজির হোসেনের ছেলে জালাল বলেন, বিভিন্ন মহলকে ম্যানেজ ২-এর পাতায় দেখুন






## কোটচাঁদপুরে বিশ্ব পরিবেশ দিবস পালিত

**কোটচাঁদপুর প্রতিনিধি :** "প্লাস্টিক দূষণ সমাধানে সামিল হই সকলে, এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী শিশুনিলয় ফাউন্ডেশন উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে। সোমবার সকালে এলাঙ্গী বাজার থেকে একটি শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রারি শহরের বিভন্ন দিক প্রদক্ষিণ শেষে ফাউন্ডেশনের মিলনায়তন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্টানে এলাঙ্গী শিশুনিলয় ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির ২-এর পাতায় দেখুন

# সিলেটে বিল্ডিং থেকে পাইপ পড়ে নিহত সেনা সদস্য দেলোয়ারকে গাংনীতে দাফন

**গাংনী প্রতিনিধিঃ** সিলেটে নির্মাণাধীন বিল্ডিং থেকে পাইপ মাথায় পড়ে নিহত সেনা সদস্য দেলোয়ার হোসেনকে নিজ গ্রাম মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর গ্রামে দাফন সম্পন্ন করা হয়েছে। সোমবার দুপুর ১২টার দিকে রাইপুর মাদ্রাসা চত্বরে জানাজা শেষে স্থানীয় একটি গোরস্থানে তাকে দাফন করা হয়। এর আগে তার প্রথম জানাজা সিলেটে ও দ্বিতীয় জানাজা যশোর সেনানিবাসে অনুষ্ঠিত হয়।

সোমবার সকাল ১১টার দিকে দেলোয়ার হোসেনের মরদেহ কফিনে করে সেনাবাহিনীর একটি দল নিজ বাড়িতে নিয়ে আসে। এসময় দেলোয়ারকে এক নজর দেখেতে আত্নীয়সহ হাজার হাজার মানুষ তার বাড়ির আঙ্গিনায় জমায়েত হয়। এক পুত্র সন্তানের জনক দেলোয়ার হোসেন রাইপুর গ্রামের কৃষক আতিয়ার রহমানের ছেলে। দেলোয়ার তার মা-বাবার পরিবারের বড় ছেলে। এছাড়াও তার আরো ১টি ভাই ও বোন রয়েছে। ছোট ভাই খুলনার একটি মাদ্রাসায় লেখাপড়া করেন। ছোট বোনের বিয়ে হয়েছে। দেলোয়ার রাইপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে ২-এর পাতায় দেখুন




## ঝিনাইদহের গান্না ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে মতবিনিময় সভা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের আওয়ামী লীগের নেতাকর্মী ও সাধারণ জনগনের সাথে মতবিনিময় সভা করেছে ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. মোঃ আব্দুর রশীদ। সোমবার চন্ডীপুর বাজারে এ মতবিনিমং সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. মোঃ আব্দুর রশীদ সদর উপজেলা আওয়ামী লীগকে আরো সুসংগঠিত ২-এর পাতায় দেখুন



# মেহেরপুর বিশ্ব পরিবেশ দিবস পালিত

**মেহেরপুর প্রতিনিধিঃ** 'প্লাস্টিক দূষণ সমাধানে সামিল হই সকলে' এই শ্লোগানে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম আলোচনা সভায় বক্তব্য রাখেন। এ সময় অন্যদের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল, রিফাত জাহান,দেবাংশু বিশ্বাস,মেহেরপুর জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কাজী আনিসুজ্জামান প্রমূখ উপস্থিত ছিলেন। আলোচনা সভায় জেলা প্রশাসক আজিজুল ইসলাম প্লাস্টিক বর্জ্য সঠিকভাবে বিনষ্ট করার ব্যাপারে সকলের প্রতি আহ্বান জানান।






## মেহেরপুরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

**মেহেরপুর প্রতিনিধিঃ** ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি আওতায়, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসের উদ্যোগে বার্ষিক ক্রীড়া ও গ্রামীন খেলাধুলা প্রতিযোগিতা এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার শালিকা মাধ্যমিক বিদ্যালয় মাঠে বার্ষিক ক্রীড়া ও গ্রামীন খেলাধুলা প্রতিযোগিতা ২-এর পাতায় দেখুন

## রিজার্ভ চুরি মামলার প্রতিবেদন ৩১ জুলাই

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির মামলায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ৩১ জুলাই দিন ধার্য করেছেন আদালত। গতকাল সোমবার মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল। তবে তদন্ত সংস্থা সিআইডি প্রতিবেদন দাখিল না করায় ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রাজেশ চৌধুরী নতুন এ দিন ধার্য করেন। ২০১৬ সালের ৫ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাংক থেকে জালিয়াতি করে সুইফট কোডের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের আট কোটি ১০ লাখ ডলার হাতিয়ে নেয় দুর্বৃত্তরা। পরে ওই টাকা ২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহের সাধুহাটি, মধুহাটি, সাগান্না এলাকায় প্রচন্ড গরমে পানি উত্তপ্ত হয়ে মরে যাচ্ছে মাছ

**সুমন আহম্মেদ :** ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটি, মধুহাটি, সাগান্না ইউনিয়নের অনেক জায়গায় এখন মাছ চাষ হচ্ছে। কিন্তু প্রচন্ড গরমে এই মাছ চাষিরা আছে চরম বিপাকে। বাইরে যেমন প্রচন্ড গরম ঠিক পুকুরে পানি উত্তপ্ত হয়ে অনেকগুলো পুকুরে মাছ মারা যাওয়ার ঘটনা ঘটছে। আর বাইরে এতটাই তাপমাত্রা ওই মাছগুলোর ধরে এবং পরে বিক্রি করতে গেলে মাছগুলো নষ্ট হয়ে যাচ্ছে। সরজমিনে দেখা যায়, ঝিনাইদহ সদর উপজেলার নাথকুন্ডু গ্রামে তৌহিদুল ইসলামের পুকুরে এমন ভাবে মাছ মরে গেছে। তিনি প্রচন্ড গরমে বুঝতে না পেরে খাবার দেওয়া হয়েছিল তারপরেই হঠাৎ করে সব মাছ ভাসতে থাকে কিন্তু সময়ে বেশি পাওয়া যায়নি অনেক মাছ মারা গেছে এবং বিক্রি করতে যেয়েও দাম পাওয়া যায়নি। অনেক টাকার ক্ষতি হয়ে গেলো।

নাথকুন্ডু গ্রামের অন্য একটা মাছ চাষি মামুন জানিয়েছেন, তীব্র গরমে স্টকজনিত কারণে আমার অনেক মাছ মারা গেছে।প্রায় তিন লক্ষ টাকার ক্ষতি হয়েছে। তবে এখানে সরকারি কোন কর্মকর্তা ২-এর পাতায় দেখুন





## মেহেরপুরে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা উদ্বোধন করা হয়েছে। সোমবার সকালে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধন করা হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধন করেন। পরে জেলা প্রশাসক মেলার স্টল পরিদর্শন করেন। মেলায় মেহেরপুর জেলার ৩টি উপজেলার ২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহের গান্না ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে মতবিনিময় সভা



**নিজস্ব প্রতিবেদক ঃ** ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের আওয়ামী লীগের নেতাকর্মী ও সাধারণ জনগনের সাথে মতবিনিময় সভা করেছে ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. মোঃ আব্দুর রশীদ। সোমবার চন্ডীপুর বাজারে এ মতবিনিমং সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. মোঃ আব্দুর রশীদ সদর উপজেলা আওয়ামী লীগকে আরো সুসংগঠিত এবং বেগবান করার লক্ষ্যে নিরলস পরিশ্রম করে চলেছেন। মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনার সকল উন্নয়ন কর্মকন্ড তুলে ধরছেন এবং আগামী জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ যাকেই নৌকা প্রতীক দিবেন নৌকা ভোট দিয়ে আবারো শেখ হাসিনাকে ক্ষমতায় রাখতে দিক নির্দেশনামূলক বক্তব্য দেন।




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com





# শৈলকুপায় বিশ্ব পরিবেশ দিবস পালিত

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** প্লাস্টিক দূষণ সমাধানে সামিল হই সকলে' প্রতিপাদ্যে এবং 'সবাই মিলে করি পণ, বন্ধ হবে প্লাস্টিক দূষণ'।
শে-াগানকে সামনে রেখে ঝিনাইদহের শৈলকুপায় বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে সোমবার সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালুসহ উপজেলার সরকারি কর্মকর্তা, কর্মচারী, বীর মুক্তিযোদ্ধা,শিক্ষক, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ। সভায় বক্তারা, প্লাস্টিক ও পলিথিন দূষণরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।



# কালীগঞ্জে দক্ষতা উন্নয়নে নিবিড় প্রশিক্ষণ শুরু

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের আওতায় গরুর খামারিদের নিয়ে ৪ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন (গাভী পালন) নিবিড় প্রশিক্ষন কোর্স শুরু হয়েছে। উপজেলা সমবায় অফিসের আয়োজনে সোমবার (৫জুন) সকাল ১০টায় উপজেলা পরিষদ হল রুমে এক প্রশিক্ষন উদ্বোধন করেন দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারন প্রকল্পের পরিচালক মো: মশিউর রহমান । প্রশিক্ষণে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহান, ঝিনাইদহ জেলা সমবায় অফিসার মো: জাফর ইকবাল, কালীগঞ্জ উপজেলা সমবায় অফিসার মো: আসাদুজ্জামান। দুগ্ধ সমবায়ের কার্যক্রম স্প্রসারণ প্রকল্পের আওতায় ঝিনাইদহের কালীগঞ্জে গঠিত চিত্রা দুগ্ধ সমবায় সমিতিসহ দুইটি সমিতির ৫০জন সদস্য অংশ নেন।
উপজেলা সমবায় কর্মকর্তা জানান, সমবায় অধিদপ্তরের দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের আওতায় ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলায় প্রথম পর্যায়ে ৫০জন গরু খামারিকে ২টি করে গাভী গরু প্রদান করা হবে হবে। এই গাভি থেকে খামারিরা দুধ সংগ্রহ করবে । এই প্রকল্পের গরু থেকে খামারি নিজের দুধের চাহিদা মিটিয়ে অন্যদের কাছে বিক্রি করে আর্থিকভাবে লাভবান হবেন। তিনি আরো জানান, চার বছর মেয়াদি এই প্রকল্পে গরুর খামারিরা লাভবান হবেন।



# প্রধানমন্ত্রী চাইলে অবশ্যই নির্বাচন করব : ফেরদৌস

বিনোদন ডেস্ক

ঢাকাই সিনেমার জনপ্রিয় অভিনেতা ফেরদৌস। অভিনয়ের পাশাপাশি বিভিন্ন সময় রাজনৈতিক প্রচার-প্রচারণায় সরব উপস্থিতি থাকে তার। এবার আর অন্যের হয়ে নয়, নিজেই নামতে চাচ্ছেন রাজনীতির ময়দানে। করতে চান সংসদ নির্বাচন। প্রয়াত কিংবদন্তি নায়ক ফারুকের মৃত্যুর পর তার আসনটি (ঢাকা-১৭) শূন্য ঘোষণা করে নির্বাচন কমিশন। শোনা যাচ্ছে, ফারুকের আসন থেকেই জাতীয় সংসদের উপনির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগের প্রার্থী হতে চান তিনি। সম্প্রতি এক সাক্ষাৎকারে এ প্রসঙ্গে কথা বলেন ফেরদৌস। তিনি বলেন, বিষয়টি নিয়ে এখনই কিছু বলতে পারছি না। দু-তিন দিন পর হয়তো বলা যাবে।
কারণ এখন অবধি বাংলাদেশ আওয়ামী লীগ বা প্রধানমন্ত্রীর পক্ষ থেকে কোনো সবুজ সংকেত পাইনি। তবে নির্বাচন করি বা না করি আমি তো দলের সঙ্গে সব সময়ই আছি। আমি মানুষের কল্যাণের জন্য কাজ করতে চাই। একটুকু বলব, নির্বাচনের জন্য আমি প্রস্তুত। প্রধানমন্ত্রী চাইলে অবশ্যই নির্বাচন করব।' উল্লেখ্য, আগামী ১৮ আগস্ট মুক্তি পাবে '১৯৭১ সেই সব দিন'। হৃদি হকের পরিচালনায় সিনেমাটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের ভূমিকায় অভিনয় করবেন ফেরদৌস।

# বিয়ে মা হওয়া যেন একটা স্বপ্ন

বিনোদন ডেস্ক

অভিনেত্রী আলিয়া ভাটের জীবনে রণবীর কাপুরের সঙ্গে বিয়ে থেকে শুরু করে মা হওয়া, সবটাই ছিল এক কথায় স্বপ্নের মতো। তবে নিজেকে এই সময়টায় ক্যামেরার আড়ালে রাখেননি তিনি। উল্টা অন্তঃসত্ত্বা অবস্থায় ফ্যাশন স্টেটমেন্ট নিয়ে একাধিকবার ভাইরাল হয়েছিলেন। চেহারায় এসেছে বদল, তবুও স্কিন টাইট পোশাকে প্রকাশ্যে আসতে দুবার ভাবেননি। তবে মা হওয়ার পর যে কম বেশি সকলের চেহারাতেই সামান্য বদল আসে, তা অজানা কারও নয়।
আলিয়া ভাট ও রণবীর কাপুর স্থির করেছিলেন পাপারাৎজিদের সঙ্গে দেখা করাবেন তার সন্তান রাহাকে। তেমনটা করেছিলেন ঠিকই, তবে কড়া নিরাপত্তার মধ্যে।
ঝড়ের গতিতে ভাইরাল হয়েছিল সেই খবর। যদিও শর্ত মেনে কেউই আলিয়ার সন্তানের ছবি তোলেননি। তবে কতদিন আর চেপে রাখা যায়! বাগে পেলেই তুলে ফেলবেন আলিয়ার সন্তানের ছবি। ঠিক তেমনটাই হলো। গাছের ফাঁক থেকে এবার একচিলতে রাহা ফ্রেমবন্দি হলো। দেখা মাত্রই সোশ্যাল মিডিয়ায় ঝড়ের গতিতে ভাইরাল ভিডিও। আলিয়ার কোলে করে যাচ্ছে সে।
সদ্য মা হওয়া এই অভিনেত্রী হাতেগুনে মাত্র কয়েক সপ্তাহের ছুটিতে ছিলেন। রাহা জন্মের আগে বা পরে, নিজেকে খুব একটা আড়াল করেননি তিনি। কাজ চালিয়ে গিয়েছে পুরো দমে। শরীরচর্চাতেও থাকেনি কোনও খামতি। প্রতিদিন নিয়ম করে যোগা করতেন বাড়িতে। খানিক সুস্থ হতেই বেরিয়ে পড়েছে বাইরে। আলিয়ার এই স্পোর্টিং মনোবল দেখে প্রশংসা করছে নেটপাড়া। আগামী ছবির স্ক্রিপ্ট রিডিং নিয়ে ব্যস্ত এখন তিনি।



# কল্পনাতেও ভাবতে চাই না রাজ আমার জামাই: পরীমণি


বিনোদন ডেস্ক

গত বছরের শেষ এ বছরের শুরুর দিন থেকেই বিচ্ছেদের সুর আলোচিত তারকা দম্পতি শরিফুল রাজ ও পরীমণির সংসারে। মাঝখানে কিছুটা মিটমাটের আভাস পাওয়া গেলেও নিভু নিভু পুরোনো আগুনে যেন আবারও ঘি ঢেলে দিলো গত সোমবার (২৯ মে) দিবাগত রাতে ফাঁস হওয়া কিছু ভিডিও ও স্থিরচিত্র। এরপর থেকেই রাজ-পরীর সংসারে ভাঙনের সুর স্পষ্ট। ভিডিও ও স্থিরচিত্র ফাঁসের ঘটনায় তখন আকার ইঙ্গিতে পরীমণিকে দায়ী করেন অভিনেত্রী সুনেরাহ বিনতে কামাল। এর জবাবে কথা বলতে গিয়ে পরী তখন জানান, রাজ গত ১০ দিন তার সঙ্গে থাকছেন না। এবার প্রকাশ্যে এলো রাজ-পরীর সংসারের দাম্পত্য কলহের কথা। সংবাদমাধ্যমকে পরী জানান, কল্পনাতেও রাজকে তিনি আর নিজের জামাই ভাবতে চান না। গত ২০ মে ঘটনার বর্ণনায় পরী বলেন, "রাজ সেদিন বাইরে ছিল, সেলিম ভাই (পরিচালক) ও তার বউ তাকে সঙ্গে নিয়ে বাসায় এসেছিল। আসার আগে সেলিম ভাই আমাকে ফোন দিয়ে বললেন, আমি রাজকে সঙ্গে করে নিয়ে তোমার বাসায় আসছি। এসে বলেন, 'রাজ তো তোমার সঙ্গে থাকতে চায় না। বিচ্ছেদের ব্যাপারে চিন্তা করতে পারো।' আমি বললাম, 'ও আমার সঙ্গে থাকতে চায় না, তাহলে ওই আমাকে ডিভোর্স দিক। আমি কেন দিতে যাব।' পরে সেলিম ভাই বললেন, যদি তোমাদের বিচ্ছেদ হয়ে যায়, তাহলে বাচ্চাকে দেখভাল করতে কীভাবে কী করবে, চিন্তাভাবনা করে দেখো। এরপর আমি বললাম, বাচ্চা আমার কাছেই থাকবে। তবে বিচ্ছেদ হওয়ার পর অবশ্যই সে বাচ্চা দেখতে আসতে পারবে। তবে শর্ত, সে অস্বাভাবিক সময় বাসায় আসলে বাচ্চাকে দেখতে দেব না। যদি রাত চারটায় আসে, ভোরবেলায় আসে, তাহলে তো বাচ্চা দেখতে দেওয়ার সুযোগই নাই। স্বাভাবিক, সঠিক সময়ে এসে সে বাচ্চা দেখতেই পারে। কোনো সমস্যা নাই।" তাহলে কি বিচ্ছেদের দিকে যাচ্ছে আপনাদের সংসার? এমন প্রশ্নে ঢাকাই সিনেমার এই অভিনেত্রী বলেন, 'ও তো আমাকে ছেড়েই চলে গেছে, বিচ্ছেদ তো হয়েই গেছে। আমি আর কল্পনাতেও ভাবতে চাই না শরীফুল রাজ আমার জামাই। একটা মানুষ চলে গেলে তো আর ধরে রাখা যায় না।' হাসতে হাসতে পরী আরও বলেন, 'রাজ এখন বলে কী, আমাদের বিয়ের কাবিননামা নাকি ভুল। আমাদের নাকি ঠিকঠিক বিয়েই হয়নি। যে এভাবে বলতে পারে, সে ভয়ংকর মানুষ। তার সঙ্গে থাকা যাবে না। আমি চাই সে আমাকে তালাক দিয়ে দিক। আমি ওর প্রাক্তন, এটাই শুনতে আমার আরাম লাগবে। আমি রাজের বউ, এটি আর শুনতে চাই না।' উল্লেখ্য, ২০২১ সালের ১৭ অক্টোবর গোপনে বিয়ে করেন পরীমণি ও শরিফুল রাজ। মাত্র সাত দিনের পরিচয়ে তারা বিয়ে করেছিলেন। ২০২২ সালের ১০ জানুয়ারি সেই খবর প্রকাশ্যে আনেন তারা।

# তৃতীয় পক্ষের জন্য পরীর সঙ্গে সংসার সম্ভব না: রাজ

বিনোদন ডেস্ক

ঢালিউডের জনপ্রিয় অভিনেত্রী পরীমনির সঙ্গে অস্বাভাবিক দাম্পত্য জীবনের জন্য তৃতীয় পক্ষকে দায়ী করেছেন অভিনেতা শরিফুল রাজ। ঢালিউডের আর এক জনপ্রিয় অভিনেতা ও উপস্থাপক শাহরিয়ার নাজিম জয়ের সঙ্গে দীর্ঘসময়ের ফোন-লাপে এমন অভিযোগই করেছেন রাজ।
জয়ের কাছে রাজ আরও জানান, 'পরীর অপরিণত সব কাজের পেছনে ওর কোনো হাত নেই। ওকে (পরী) ওর আশপাশের মানুষ ইন্ধন জোগানোর পরই এমন করেন পরী।'



গত শনিবার সোশ্যাল মিডিয়া ফেসবুকে জয়ের পোস্ট করা ভিডিও থেকে আরও জানা যায়, মাত্র দুই বছরের দাম্পত্যজীবনে যতবার দাম্পত্যকলহ তৈরি হয়েছে, সবসময়ই তৃতীয় পক্ষের হাত ছিল, এখনও আছে।
ফোনালাপের এক পর্যায়ে জয় বলেন, 'ব্যক্তিগত জীবন সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হলে তা আর ব্যক্তিগত থাকে না, হয়ে যায় পাবলিক পপার্টি। কেন ঘরের সব ইস্যু বারবার বাইরে চলে আসে?'
জয়ের এমন প্রশ্নে রাজ বলেন, 'আমার সংসারে কী হচ্ছে, আমি নিজেই জানি না। মিডিয়ার খবরে প্রকাশিত সংবাদ আর সোশ্যাল মিডিয়া থেকে আমি আমার সংসারের খবর জানি।'
এ জন্য পরীকে অবশ্য দায়ী করেননি রাজ। দায়ী করেছেন পরীর আশপাশের মানুষকে। রাজ বলেন, 'আমি সারা জীবন পরীর সঙ্গে সংসার করতে চাই। কিন্তু তৃতীয় পক্ষের জন্য তা সম্ভব হয়ে উঠছে না।'

# লিটনের অধিনায়কত্ব নিয়ে যা বললেন নান্নু

স্পোর্টস ডেস্ক

বাংলাদেশ দলের সাদা পোশাকের দায়িত্বে রয়েছেন সাকিব আল হাসান। গেল এক বছর ধরেই বাংলাদেশ দলের টেস্ট দলের নেতৃত্বের ভার সামলাচ্ছেন তিনি। তবে আফগানিস্তানের বিপক্ষে আসন্ন টেস্টে থাকছেন না তিনি। আর সাকিবের অনুপস্থিতিতে আফগানিস্তান টেস্টে অধিনায়কের দায়িত্ব পেয়েছেন লিটন দাস।
আজ রোববার আফগানিস্তানের বিপক্ষে একমাত্র টেস্ট সিরিজ সামনে রেখে দল ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। প্রথমবারের মতো জাতীয় দলে ডাক পেয়েছেন শাহাদাত হোসেন দিপু, এবং পেসার মুশফিক হাসান।
দলে ফিরেছেন মাহমুদুল হাসান জয়। এছাড়া চোট কাটিয়ে আবারও দলে ফিরেছেন তাসিকন আহমেদ। তবে টেস্ট ক্রিকেটে প্রথমবারের মতো দায়িত্ব পাওয়া লিটনকে নিয়ে কথা বলেছেন প্রধান নির্বাচক মিনহাজুল আবেদীন নান্নু।
তিনি বলেন, 'টেস্টে অধিনায়কত্ব করা বিরাট ব্যাপার। বিরাট সম্মানের একটা জায়গা। এই জায়গা থেকে আমি মনে করি লিটন দলকে সামনে থেকে নেতৃত্ব দেবে।

# ইউটিউবার ব্লগার ফিজ ও তার পরিবারকে মারধরের হুমকি

**মেহেরাব হোসেন, মেহেরপুরঃ**
মেহেরপুরের ব্লগার মোঃ ফিজ ও তার পরিবারকে মারধরের হুমকি দিয়েছে আকাশ নামের এক কিশোর গ্যাং লিডার। এমনটি অভিযোগ ব্লগার মুস্তাফিজুর রহমান ওরফে মোঃ ফিজের। এবিষয়ে গত ০৪/০৯/২০২২ তারিখে তিনি গাংনী থানায় একটি সাধারণ ডায়েরিও করেছেন। পরবর্তীতে সাময়িক মীমাংসা হলেও গত কয়েকদিন আগে আশরাফুল ইসলাম আকাশ আবারও ফোন দিয়ে ফিজ এর পরিবারকে হুমকি ধামকি দেয়। আকাশ গাংনি উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের মোঃ রশিদের ছেলে। ফিজ বাংলাদেশের বিশিষ্ট ইউটিউবার (ব্লগার) এবং গাংনী উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের মিজানুর রহমানের ছেলে। ফিজ বলেন, আমাকে মেরেছে গত সেপ্টেম্বর মাসের ০৪ তারিখে তখন থেকেই আমাকে প্রায় হুমকি দেই মারবে। গতকাল আবার বাবা মাকে কল দিয়ে হুমকি দেই, এই কিশোর গ্যাংয়ের লিডার আকাশ। যে আমাকে গ্রামে যেতে দিবে নাহ গেলে আবার মারবে এসব বলে হুমকি দেয়। ফিজ বলেন, এজন্য আমি গতকাল আমার ফেসবুকে লাইভ করেছি এখন বিষয়টা সবাই জানে।
আমি ভয়ে গ্রামেও যেতে পারছি না। ফিজ আরও বলেন, মুলত আকাশ একজন পথচারিকে বাশবাড়িয়া বাজারে মারধর করছিলো। আমি সেখানে পথচারিরকে রক্ষা করি এ কারনেই সে আমাকে সেখানে মারধর করে এরপর তারা ডেগার নিয়ে রাস্তায় দাড়িয়ে থাকে আমাকে মারবে বলে। তারপর আমরা এটা নিয়ে একটা মিমাংসা করি। তারপর আমি ভারতে এসে ৩ মাস পর গ্রামে যায় তখন রাত ৮ টার দিকে পিছন থেকে লাথি চড় মারে আমি তখন মাটিতে লুটে পড়ি। তখনো আমি কিছু বলিনি কারন এতে আমার মেহেরপুর এর নাম নষ্ট হতে পারে।কিন্তু বিষয়টি এমন হয়েগেছে যে আমি কিছু না বলে আর থাকতে পারলাম না। আমি এখন এসবের বিচার চাই।



# এশিয়া কাপের আগেই মনোবিদ নিয়োগ দেবে বিসিবি

স্পোর্টস ডেস্ক

আফগানিস্তান সিরিজকে সামনে রেখে আগেই অনুশীলন শুরু করেছিল বাংলাদেশ দল। তবে ছিলেন না প্রধান কোচ চন্ডিকা হাথুরুসিংহে। গত শনিবার রাতে ছুটি কাটিয়ে দেশে ফিরেছেন হাথুরু। ফেরার সময় অবশ্য মাইন্ড ট্রেনার অ্যালান ব্রাউনিকে সঙ্গে নিয়ে এসেছেন প্রধান কোচ।
এই মাইন্ড ট্রেনারের সঙ্গে আসন্ন এশিয়া কাপের আগে বাংলাদেশ দল পাবে একজন সাইকোলজিস্টও। আগামী আগস্টের ১১ তারিখ নতুন সাইকোলজিস্ট ডক্টর ফিলের বাংলাদেশে আসার কথা রয়েছে। ঢাকা পোস্টকে বিষয়টি নিশ্চিত করেছেন ক্রিকেট অপারেশন্স কমিটির চেয়ারম্যান জালাল ইউনুস।
তবে ব্রাউনির মতো ফিলও সাময়িকভাবে কাজ করবেন বলে জানিয়েছেন জালাল। বাংলাদেশ ক্রিকেটে দীর্ঘদিন ধরেই মনোবিদ নিয়োগ নিয়ে কথা-বার্তা চলছিল। সবশেষ প্রধান কোচ হয়ে হাথুরুসিংহের যোগ দেওয়ার পরই এবার সেটি বাস্তাবায়ন হতে যাচ্ছে। এদিকে গতকাল রোববার জাতীয় দলের অনুশীলন শুরুর আগে একটি সেশন করেছেন ব্রাউনি।



# নতুন প্রস্তাব পেলেন মেসি

স্পোর্টস ডেস্ক

অনেকদিন ধরেই লিওনেল মেসির পিএসজি ছাড়া ও দলবদল নিয়ে নানামুখী আলোচনা চলে আসছে। ইতোমধ্যে গত শনিবার রাতে ফরাসিদের হয়ে শেষ ম্যাচ খেলে ফেলেছেন বিশ্বজয়ী আর্জেন্টাইন অধিনায়ক। যদিও শেষটা হয়েছে বিষাদে ভরা। ফ্রেঞ্চ লিগ আঁ-তে ক্লেরমোঁর কাছে পিএসজি ২-৩ গোলে হেরে গেছে।
যাইহোক এখন মেসির সম্পূর্ণ মনোযোগ তার পরবর্তী গন্তব্যের দিকেই হওয়ার কথা।
বার্সেলোনা ও সৌদি আরবের ক্লাব আল-হিলাল সেই তালিকায় থাকলেও, এতদিন আড়ালে ছিল ইন্টার মিয়ামি। নতুন করে তারা আর্জেন্টাইন আনুষ্ঠানিক চুক্তির প্রস্তাব দিয়েছে।
স্প্যানিশ সংবাদমাধ্যম মার্কা এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে। আমেরিকান মেজর সকার ক্লাব ইন্টার মিয়ামির পক্ষ থেকে দীর্ঘমেয়াদী একটি চুক্তির প্রস্তাব দেওয়ার দাবি করছে মার্কা। প্রতিবেদনে ?'যুক্তিসঙ্গত' (রিজনেবল) আর্থিক একটা অঙ্কের কথা বলা হলেও, তারা সঠিক পরিমাণ উল্লেখ করেনি। তবে সেটি যে মেসিকে আল-হিলালের দেওয়া বছরপ্রতি ৪০০ মিলিয়ন ডলারের প্রস্তাবের ধারেকাছেও নেই, তা স্মরণ করিয়ে দিয়েছে তারা। তবে মেসি মিয়ামির ক্লাবটিতে গেলে, তিনিই হবেন আমেরিকান লিগের সবচেয়ে দামি খেলোয়াড়। যেখানে মাত্র তিনজন ফুটবলারকে মিলিয়ন ডলার বার্ষিক বেতন দেওয়ার অনুমতি রয়েছে। মেসি সেই নীতিকেও ছাড়িয়ে যাবেন বলে সংবাদমাধ্যমগুলোর দাবি। ফলে আগে থেকেই নানারকম প্রস্তাব নিয়ে হাজির হওয়া ক্লাবটি নতুন করে মেসিকে পেতে আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু করেছে। মেসির দলবদলের টেবিলে সাম্প্রতিক সময়ে কেবল ?দুটি ক্লাবের আলোচনা চলে আসছিল। বার্সেলোনা আর্থিক সঙ্কটের মধ্যেও এতদিন ধরে আর্জেন্টাইন অধিনায়ককে পেতে বিভিন্ন কৌশল অবলম্বন করে আসছে। যদিও তারা শেষ পর্যন্ত তাতে সক্ষম হবে কিনা, তা নিয়ে আগেই শঙ্কার কথা জানিয়েছিলেন লা লিগা সভাপতি হাভিয়ের তেবাস। সেই বাস্তবতা নতুন করে দেখিয়েছে কাতালান ক্লাবটি। মেসিকে পুনরায় সাবেক ক্লাবটিতে আনতে বার্সার সামনে শর্ত ছিল বর্তমান দামের চেয়ে অনেক কমে তাকে রাজি করানো এবং দলের বেশ কয়েকজন ফুটবলারকে ছেড়ে দেওয়া। দ্বিতীয় শর্ত পূরণ করলেও, তারা প্রথম শর্তের দায়ভার যেন মেসির হাতেই ছেড়ে দিয়েছে।
সম্প্রতি বার্সা কোচ জাভি হার্নান্দেজ বলছিলেন, 'আমার দিক থেকে আমি শতভাগ নিশ্চিত যে সে (মেসি) আমাদের সঙ্গে যোগ দিচ্ছে। সে অবগত আছে যে আমরা তাকে স্বাগত জানাতে প্রস্তুত আছি। এ ব্যাপারে কোনো কিছুই পরিবর্তন হয়নি। আমাদের এখনো সুযোগ আছে, আমরা তাকে চাই। এবার তার সিদ্ধান্ত নেওয়ার পালা। আমাদের এখানে তাকে যুক্ত করতে প্রস্তুত আছি।' এদিকে, আল-হিলালের দেওয়া প্রস্তাবের দিকে তাকালে ফরাসি সংবাদমাধ্যম ফুট মারকাতোর প্রতিবেদনটি নজরে আসে। যেখানে বলা হয়েছে, মেসিকে দুই বছরের জন্য ১২০ কোটি ইউরোর প্রস্তাব দিয়েছে সৌদির ক্লাব। বাংলাদেশি মুদ্রায় যা ১৩৭৮০ কোটি টাকা। সৌদি আরবের ক্লাব আল নাসরে ক্রিস্টিয়ানো রোনালদো যত বেতন পান, মেসিকে দেওয়া প্রস্তাবটা তার প্রায় দ্বিগুণ। তাই মেসি বড় অঙ্কের প্রস্তাব ঠেলে সাবেক ন্যু ক্যাম্পে ফিরবেন কিনা সেটা আগামী কয়েকদিনের ভেতরেই জানা যাবে। তবে লক্ষ্যণীয় বিষয়, সৌদিতে পর্যটন দূতের ভূমিকায় আগেও বেশ কয়েকবার গেলেও, এখনও ব্যক্তিগত কোনো কাজে যাননি মিয়ামিতে। তবে শহরটিতে সেখানে তার কোম্পানির বিলাসবহুল বাড়ি রয়েছে, বাণিজ্যিক কাজেই সেটি ব্যবহার করা হয়। তবে মিয়ামির নতুন এই অফার আতঙ্কিত করতে পারে আল-হিলালকে। শেষ সময়ে এসে তারা বড় প্রতিদ্বন্দ্বী পাবে, নিশ্চয়ই তারা সেটা ভাবেনি। ফলে মেসির ভবিষ্যৎ নিয়ে এখন আরও কিছুটা দোলাচল পরিস্থিতি তৈরি হয়েছে।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।
www.lged.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

Memo No- 46.02.4480.000.11.038.23- 582 Date : 05.06.2023

e-Tender Notice No. : 09/2022-2023

Limited Tendering Method (LTM)

e-Tender invited in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) for the procurement of works mention below under Shailkupa, LGED,District- Jhenidah.

| SL No | Package No | Tender ID No | Name of Work | Tender Security (TK) | Tender last selling date & time | | Tender Opening date & time | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 1 | e-Tender/NBIDGPS/JHE //SHA/2021-22/W1.06769 | 843230 | Construction of Bajukhali GPS | 2,23,000.00 | 20/06/2023 | 16.00 PM | 21/06/2023 | 12.30 PM |

This is an online Tender, Where only e-Tender will be accepted in the National e-GP portal and no offline/hard copies will be accepted.
To submit e-Tender, registration in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) is required.
The fees for downloading the e-Tender Documents from the National e-GP System portal have to be deposited online through registered Bank's branches up to **12.00 pm on 21.06.2023**
Further information and guidelines are available in the National e-GP System Portal and from e-GP help desk (helpdesk@eprocure.gov.bd).

5/6/23
(Md. Ruhul Islam)
Upazila Engineer
Sailkupa , Jhenidah
Phone:02477-749851,
e-mail: ue.shailkupa@lged.gov.bd


# রিয়াল মাদ্রিদ ছাড়লেন বেনজেমা

স্পোর্টস ডেস্ক

গত কয়েক সপ্তাহ ধরেই গুঞ্জন ছিল রিয়াল মাদ্রিদ ছাড়ছেন করিম বেনজেমা। অবশেষে সেই গুঞ্জনই সত্যি হয়েছে। লম্বা সময় ধরে রিয়ালের খেলার পর এবার ফ্রি এজেন্ট হয়ে ক্লাব ছাড়ছেন এই ফরাসি স্ট্রাইকার।
মৌসুমের শেষ ম্যাচ খেলতে আজ মাঠে নামবে রিয়াল মাদ্রিদ। অ্যাথলেটিকো বিলকাওয়ের বিপক্ষে লস ব্লাঙ্কোসদের জার্সিতে দলটির স্ট্রাইকার করিম বেনজেমার ওটাই শেষ ম্যাচ। এক বিবৃতি দিয়ে রিয়াল মাদ্রিদ বিষয়টি নিশ্চিত করেছে।
চলতি জুনে রিয়াল মাদ্রিদের সঙ্গে চুক্তি শেষ হচ্ছে বেনজেমার। মৌসুম চলাকালীন রিয়ালে তার আরও এক মৌসুম খেলার সম্ভাবনা জোরালো ছিল। কিন্তু চুক্তি নবায়ন করছেন না তিনি। ফ্রি এজেন্টে ছাড়ছেন ক্লাব। সংবাদ মাধ্যম জানিয়েছে, সৌদি আরবের প্রো লিগ চ্যাম্পিয়ন আল ইত্তিহাদ তাকে দুই মৌসুমের জন্য ৪০০ মিলিয়ন ইউরো বেতনে চুক্তির প্রস্তাব দিয়েছে। ওই প্রস্তাবে ইতিবাচক সাড়া দিয়েছেন ফ্রান্স জাতীয় দলকে আগেই বিদায় বলা ৩৬ বছর বয়সী এই স্ট্রাইকার।